LankaBangla®
SECURITIES

# দৈনিক সংবাদ সংক্ষেপ

সোমবার, ৪ঠা জুন , ২০১৮ ইং

---

## ফিন্যান্সিয়াল রিপোর্টিং ও ডিসক্লোজার নিয়ে আলাদা প্রজ্ঞাপন হবে

প্রস্তাবিত করপোরেট গভর্ন্যান্স কোডের খসড়ায় সংযুক্ত তালিকাভুক্ত কোম্পানির ফিন্যান্সিয়াল রিপোর্টিং ও ডিসক্লোজার-সংক্রান্ত অংশটি জনমত জরিপে প্রাপ্ত মতামতের ভিত্তিতে সংশোধন করে একটি স্বতন্ত্র প্রজ্ঞাপন হিসেবে জারি করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। তাছাড়া করপোরেট গভর্ন্যান্স কোড ও উল্লেখযোগ্যসংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ বিধিমালা ২০১৮-এর চূড়ান্ত অনুমোদন দিয়েছে কমিশন। গতকাল বিএসইসির চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিশন সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিএসইসির নির্বাহী পরিচালক ও মুখপাত্র মো. সাইফুর রহমান স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্যসংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা ২০১৮ ও করপোরেট গভর্ন্যান্স কোডের খসড়ার ওপর জনমত জরিপে প্রাপ্ত মতামত পর্যালোচনা করে সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করে চূড়ান্ত অনুমোদন করেছে কমিশন। শিগগিরই এগুলো বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হবে।http://bonikbarta.net

## দরপতন অব্যাহত

দরপতন অব্যাহত রয়েছে দেশের পুঁজিবাজারে। নেতিবাচক প্রবণতায় সপ্তাহ শুরু করেছে দুই স্টক এক্সচেঞ্জ। ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্রড ইনডেক্স ডিএসইএক্স ২৬ পয়েন্টেরও বেশি কমেছে। অধিকাংশ সিকিউরিটিজের দর কমেছে দুই স্টক এক্সচেঞ্জেই। দিন শেষে সবক’টি সূচকই ছিল নিম্নমুখী। এদিকে নিম্নমুখী বাজারেও গতকাল ডিএসইতে লেনদেন বেড়েছে। বাজার পর্যবেক্ষণে দেখা যায়, ডিএসইর ব্রড ইনডেক্স ডিএসইএক্স ২৬ দশমিক ৯১ পয়েন্ট বা দশমিক ৫ শতাংশ কমে দাঁড়ায় ৫ হাজার ৩১৬ দশমিক ৯৭ পয়েন্টে। ৯ দশমিক ৫৪ পয়েন্ট বা দশমিক ৪৮ শতাংশ কমে ১ হাজার ৯৬৫ দশমিক ৪৬ পয়েন্টে নেমেছে স্টক এক্সচেঞ্জটির ব্লু-চিপ সূচক ডিএস ৩০। এদিকে ১০ দশমিক ১৩ পয়েন্ট বা দশমিক ৮২ শতাংশ কমে ১ হাজার ২২৮ দশমিক ১৮ পয়েন্টে অবস্থান করছে শরিয়াহ সূচক ডিএসই, শতাংশের হিসাবে যা সর্বোচ্চ।http://bonikbarta.net

## ভোমরায় ঘাটতি, বুড়িমারীতে লক্ষ্য ছাড়ানো রাজস্ব

চলতি অর্থবছরের (২০১৭-১৮) আর মাত্র এক মাস বাকি। এ অর্থবছরে সাতক্ষীরার ভোমরা স্থলবন্দর থেকে মোট ৮৮১ কোটি ৮ লাখ টাকা রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা রয়েছে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর)। কিন্তু গত বছরের জুলাই থেকে চলতি বছরের মে পর্যন্ত ১১ মাসের হিসাব বলছে, লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আহরণের দিক থেকে অনেকটাই পিছিয়ে রয়েছে ভোমরা স্থলবন্দর। এদিকে রাজস্ব লক্ষ্যমাত্রা তুলনামূলক কম হলেও তা ছাড়িয়ে যাওয়ার পথেই রয়েছে লালমনিরহাটের বুড়িমারী স্থলবন্দর। অর্থবছরের প্রথম ১১ মাসে সাতক্ষীরার ভোমরা স্থলবন্দর থেকে রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ছিল ৮২২ কোটি ৯১ লাখ টাকা। বিপরীতে আহরণ হয়েছে ৭৬৪ কোটি ৭৫ লাখ ৬০ হাজার টাকার রাজস্ব। অর্থাৎ ঘাটতি রয়ে গেছে ৫৮ কোটি ১৫ লাখ ৪০ হাজার টাকার। জুনে বন্দরটি

http://bonikbarta.net

## রাজধানীতে আলফা স্টাইলের যাত্রা

‘ফাইন্ড ইউর স্টাইল’ ট্যাগলাইন নিয়ে বাংলাদেশের বাজারে যাত্রা করল আন্তর্জাতিকমানের লাইফস্টাইল ব্র্যান্ড আলফা স্টাইল। শনিবার রাজধানীর অভিজাত শপিং মল যমুনা ফিউচার পার্কের নিচতলায় ব্র্যান্ডটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন দৈনিক বাংলাদেশ প্রতিদিনের সম্পাদক নইম নিজাম। আলফা স্টাইলের চেয়ারম্যান কেএম মুজিবুল হক, ব্যবস্থাপনা পরিচালক এসএএম ইউসুফ, পরিচালক কাজি শাহ মোজাক্কের আহমেদুল হকসহ প্রতিষ্ঠানটির ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

## শুল্ক আরোপ করলে বাণিজ্য সুবিধা মিলবে না

চীন গতকাল সতর্ক করে জানিয়েছে, যুক্তরাষ্ট্র যদি শুল্ক আরোপ বা অন্য কোনো ধরনের বাণিজ্য পদক্ষেপ নেয়, তবে দুটি দেশের মধ্যে বাণিজ্য নিয়ে যেসব সমঝোতা হয়েছে, সেগুলো বাতিল হয়ে যাবে। বিশ্বের দুই বৃহত্তম অর্থনীতির শীর্ষ বাণিজ্য কর্মকর্তাদের সর্বশেষ দফা বৈঠকের পর এ কথা জানায় স্বাগতিক বেইজিং। খবর রয়টার্স ও এএফপি। চীনের রাষ্ট্রীয় সিনহুয়া সংবাদ সংস্থায় প্রকাশিত সংক্ষিপ্ত বিবৃতিটিতে মার্কিন বাণিজ্যমন্ত্রী উইলবার রস এবং চীনের ভাইস প্রেসিডেন্ট লিউ হের মধ্যে সম্পাদিত কোনো নতুন চুক্তির কথা উল্লেখ করা হয়নি।http://bonikbarta.net

## জি৭ দেশগুলোর কড়া সমালোচনার মুখে ট্রাম্প

যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক শুল্ক আরোপকে কেন্দ্র করে প্রেসিডেন্ট ট্রাম্পের কড়া সমালোচনা করেছে বিশ্বের শীর্ষ সাত অর্থনীতির জোট জি৭। সংস্থাটির সদস্যরা একই জোটভুক্ত ওয়াশিংটনের আগ্রাসী রক্ষণশীল মনোভাবের নিন্দা জানিয়েছে। জি৭ সদস্য দেশগুলোর দাবি, যুক্তরাষ্ট্রের নেয়া পদক্ষেপ বৈশ্বিক অর্থনৈতিক আস্থায় অবনমন ঘটাবে এবং পশ্চিমা জোটের কার্যকারিতা রক্ষার ক্ষেত্রে হুমকি হয়ে উঠবে। এ অবস্থায় ধাতব পণ্যে শাস্তিমূলক শুল্ক আরোপের সিদ্ধান্ত থেকে প্রেসিডেন্ট ট্রাম্পকে সরে আসার আহ্বান জানিয়েছে দেশগুলো। শনিবার কানাডার ভ্যাঙ্কুভারে জি৭ দেশগুলোর অর্থমন্ত্রীদের বৈঠকের শেষ দিনে এসব কথা জানানো হয়। খবর ব্লুমবার্গ ও এএফপি।http://bonikbarta.net

## ভারতের বাজারে রুশ এলএনজির যাত্রা

অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে পাল্লা দিয়ে ভারতের অভ্যন্তরীণ বাজারে জ্বালানি পণ্যের চাহিদা দ্রুত বাড়ছে। বাড়তি জ্বালানি চাহিদা পূরণে দেশটিতে ক্রমেই জনপ্রিয় হচ্ছে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) ব্যবহার। চাহিদা বৃদ্ধির জের ধরে দেশটিতে এলএনজি আমদানিও আগের তুলনায় কয়েক গুণ বেড়েছে। এতদিন এলএনজি আমদানিতে কাতারসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোর ওপর নির্ভরশীল ছিল ভারত। এমনকি যুক্তরাষ্ট্র থেকেও জ্বালানি পণ্যটি আমদানি করেছে দিল্লি। এবার ভারতের এলএনজি আমদানি উৎসের তালিকায় যুক্ত হচ্ছে রাশিয়ার নাম। রাশিয়া থেকে দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় আমদানি করা এলএনজির প্রথম চালানটি আজ ভারতের বন্দরে পৌঁছানোর কথা রয়েছে। এর মধ্য দিয়ে ভারতের ক্রমবিকাশমান এলএনজির বাজারে রাশিয়ার আনুষ্ঠানিক যাত্রা হচ্ছে। খবর বিজনেস স্ট্যান্ডার্ড।http://bonikbarta.net